

A-14/EVEN/BNGP-401/008

১+১+১+১১=১৪

২০১৪

অথবা

স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পর্ব, ২০১৪

বাংলা

(পাশ কোর্স)

(চতুর্থ ষাণ্মাসিক)

পাঠক্রম নং : BNGP-401

[আধুনিক বাংলা কবিতা]

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

- ১। (ক) ‘মেঘনাদবধ কাব্য’-এর প্রথম সর্গের নাম কী? এই সর্গে জকার মৃত্যু সংবাদ শোনানো হয়েছে? চিত্রাঙ্গদা রাবণকে দোষারোপ করেছে কেন? এই সর্গে রাবণের যে চারিত্রিক বিশেষত্ব প্রকাশিত হয়েছে সে সম্পর্কে তোমার মতামত দাও।

১+১+২+১০=১৪

অথবা

- (খ) “সগু দিবানিশি লক্ষা কাঁদিল বিষাদে।”

পংক্তিটি ‘মেঘনাদবধ কাব্য’-এর কোন্ সর্গের অন্তর্গত? ‘সগু দিবানিশি’ লক্ষা কেন কেঁদেছিল? এই কাল্লার মধ্য দিয়ে কাব্যে কোন্ রসের সৃষ্টি হয়েছে? তোমার পাঠ্য সর্গগুলো অবলম্বনে ‘মেঘনাদবধ কাব্য’-এর রসবিচার করো।

১+১+১+১১=১৪

- ২। (ক) “চির-অবনত তুলিয়াছে আজ গগনে উচ্চ শির।

বান্দা আজিকে বন্ধন ছেদি’ ভেঙেছে কারা-প্রাচীর।”

পংক্তি দুটি কোন্ কবিতার অন্তর্গত? কবিতাটি কাজী নজরুল ইসলামের কোন্ কাব্যগ্রন্থে অন্তর্ভুক্ত হয়েছে? কবিতাটি কত বঙ্গান্দে লেখা হয়েছিল? কবিতাটি বিশ্লেষণ করে কবির মনোভঙ্গীর পরিচয় দাও।

- (খ) ‘আমার কৈফিয়ৎ’ কবিতাটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়? এই কবিতায় কাজী নজরুল নিজেই কোন্ সময়ের কবি বলে দাবি করেছেন? “এই কবিতায় কবির যে নির্মোহ আত্মসমালোচনা তাতে উচ্ছ্বাসের পরিবর্তে আছে দায়িত্ব-সচেতন বাস্তববোধ।” মন্তব্যটির পক্ষে বা বিপক্ষে তোমার মতামত দাও।

১+১+১২=১৪

- ৩। (ক) ‘ঈশানের পুঞ্জমেঘ’ কাব্যসংকলনটি কোন্ সংগঠনের উদ্যোগে প্রকাশিত হয়েছে? এই কাব্যসংকলনটির ভূমিকা কারা লিখেছেন? এই কাব্যসংকলনে কোন্ অঞ্চলের কবিদের কবিতা স্থান পেয়েছে? এই কাব্যসংকলনের অন্তর্ভুক্ত ‘পাতাবাহার’ কবিতাটির কাব্য-সৌন্দর্য বিচার করো।

১+২+১+১০=১৪

অথবা

- (খ) “যখন যেখানে থাকি জন্মভূমি তোমাকে ভুলি নো।” কোন্ কবিতার পংক্তি? কবি তাঁর জন্মভূমি বলে কোন্ শহরকে নির্দেশ করেছেন? কবিতাটিতে কবির স্মৃতিবিজড়িত শহরের যে বর্ণনা পাওয়া যায় তা নিজের ভাষায় লেখো।

১+১+১২=১৪

- ৪। টীকা লেখো (যে কোনো দুটি) :

৪X২=৮

(ক) ‘মেঘনাদবধ কাব্য’-এ রাবণের রাজসভার বর্ণনা

(খ) ‘মেঘনাদবধ কাব্য’-এ সরমা চরিত্র

(গ) নজরুলের কবিতায় নবসৃষ্টির উল্লাস

(ঘ) শক্তিপদ ব্রহ্মচারী
